

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৮.১৯.৯৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০

০৬ আগস্ট ২০২৩

বিষয়: “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের এ.ডি.পি. বরাদ্দ হতে আরপিএ (স্পেশ্যাল একাউন্ট-কোনটাসা) খাতে বরাদ্দকৃত ২৮৯৯.৫৮ লক্ষ (আটাশ কোটি নিরানব্বই লক্ষ আটান্ন হাজার) টাকা (রাজস্ব ২৮৮০.০০ লক্ষ + মূলধন ১৯.৫৮ লক্ষ) টাকার অথরাইজেশন জারি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি অনুমোদিত এবং চলতি ২০২৩-২৪ অর্থবছরের এ.ডি.পি.তে প্রকল্পটির অনুকূলে ২৫৪৭৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। যার মধ্যে জিওবি ৩৬০৭.০০ লক্ষ টাকা (রাজস্ব ৩০০১.০০ + মূলধন ৬০৬.০০ লক্ষ টাকা), আরপিএ সরকারের মাধ্যমে ১৮৯৭১.৪২ লক্ষ টাকা (রাজস্ব ১৭১০০.০০ লক্ষ টাকা + মূলধন ১৮৭১.৪২ লক্ষ টাকা) এবং (স্পেশ্যাল একাউন্ট-কোনটাসা) অংশে ২৮৯৯.৫৮ লক্ষ টাকা (রাজস্ব ২৮৮০.০০ লক্ষ + মূলধন ১৯.৫৮ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যায়ে আর.পি.এ. অংশের অর্থ ব্যবহারের জন্য অর্থ বিভাগ কর্তৃক অথরাইজেশন জারি করা প্রয়োজন। সে প্রেক্ষিতে অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশকার ৪(গ) কলাম ৫(২) এর নির্দেশনা মোতাবেক (ক) সংলগ্নী-১ অনুযায়ী বিভাজন আদেশ; (খ) সংলগ্নী-৫ অনুযায়ী খরচ/পুনর্ভরন বিবরণী; (গ) নির্ধারিত ছক অনুযায়ী ব্যাংক স্টেটমেন্ট; (ঘ) বাণিজ্যিক ব্যাংক কর্তৃক প্রদত্ত পূর্ববর্তী অর্থবছরে স্পেশাল হিসাব হতে লেনদেনের রিপোর্টের ভিত্তিতে প্রস্তুতকৃত হিসাব; (ঙ) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং (চ) প্রজেক্ট অপারেটিং একাউন্টে জমাকৃত অর্থের উপর অর্জিত সুদ সরকারি কোষাগারে জমাদানের ষান্মাষিক বিবরণী দাখিলপূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক বর্তমান অর্থবছরে আরপিএ খাতে বরাদ্দকৃত ২৮৯৯.৫৮ লক্ষ (আটাশ কোটি নিরানব্বই লক্ষ আটান্ন হাজার) টাকা (রাজস্ব ২৮৮০.০০ লক্ষ + মূলধন ১৯.৫৮ লক্ষ)) অথরাইজেশন জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

দাতা সংস্থা ও ঋণচুক্তি নং	হিসাব	বাস্তবায়নকারী সংস্থা	প্রকল্পের নাম	পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (লক্ষ টাকায়)		
				মোট	স্থানীয় মুদ্রায় প্রদানযোগ্য	বৈদেশিক মুদ্রায় প্রদানযোগ্য
IDA Credit No 5841-BD	কোনটাসা	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন	কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত)	২৮৯৯.৫৮	২৮৯৯.৫৮	-

সংযুক্তি:

১। বিভাজন আদেশ;

- ২। সংলগ্নী-৫;
৩। ব্যাংক বিবরণী;
৪। সি.এ.ও.'র প্রত্যয়ন এর কপি।
৫। ব্যাংক সুদ সরকারি কোষাগারে জমাদানের রিপোর্ট;
৬। সমন্বয় আদেশ।



৬-৮-২০২৩

নুসরাত জাহান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০০৬১৪

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয় (দূ: আ:
উপসচিব, বাজটে- ১১)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৮.১৯.৯৬/১(৭)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০
০৬ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৫) প্রকল্প পরিচালক, কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত) প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৬-৮-২০২৩

নুসরাত জাহান

সিনিয়র সহকারী সচিব